

০১ সেট

বাংলা

দ্বিতীয় পত্র

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

বিষয় কোড :

1 0 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য: ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃশ্যণীয়।]

- ১। যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো: ১০
- (ক) কম্পিউটার;
- (খ) জন্মদিনের সন্ধ্যা।
- ২। যে কোনো একটি বিষয়ে পত্র লেখো: ১০
- (ক) মনে করো, তুমি মনির/মনিরা। ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করে তোমার বন্ধু সাদ/সাদিয়াকে একটি পত্র লেখো।
- (খ) মনে করো, তুমি তাপস/তাপসি। তুমি নকলা উপজেলার চন্দ্রকোণা ইউনিয়নের বাসিন্দা। তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে যে কোনো জাতীয় পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লেখো।
- ৩। (ক) সারাংশ লেখো: ১০

মহাসমুদ্রের শত বৎসরের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিত যে, সে ঘুমাইয়া পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিত, তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরির তুলনা হইত। এখানে ভাষা চুপ করিয়া আছে, প্রবাহ স্থির হইয়া আছে, মানবাত্মার অমর আলোক কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কাগাগারে বাঁধা পড়িয়া আছে। ইহারা সহসা যদি বিদ্রোহী হইয়া উঠে, নিস্তব্ধতা ভাঙিয়া ফেলে, অক্ষরের বেড়া দৃষ্টি করিয়া একেবারে বাহির হইয়া আসে! হিমালয়ের মাথার উপরে কঠিন বরফের মধ্যে যেমন কত কত বন্যা বাঁধা আছে, তেমনি এই লাইব্রেরির মধ্যে মানবহৃদয়ের বন্যা কে বাঁধিয়া রাখিয়াছে!

অথবা,

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য]



(খ) সারমর্ম লেখো:

এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান;  
জীর্ণ পৃথিবীতে ব্যর্থ, মৃত আর ধ্বংসস্তূপ-পিঠে।  
চলে যেতে হবে আমাদের।  
চলে যাব—তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ  
প্রাণপণে পৃথিবীর সরাবো জঞ্জাল,  
এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি—  
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অসীকার।

৪। যে কোনো একটির ভাব-সম্প্রসারণ করো:

(ক) দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

(খ) মেঘ দেখে কেউ করিসনে ভয়, আড়ালে তার সূর্য হাসে,  
হারা শশীর হারা হাসি, অন্ধকারেই ফিরে আসে।

৫। (ক) মনে করো, তুমি সুমন/সুমি। তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিত এস.এস.সি  
পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানের বর্ণনা  
দিয়ে যে কোনো জাতীয় পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখো।

অথবা,

(খ) মনে করো, তুমি মাহিম/মাহিমা। 'দৈনিক প্রথম আলো' পত্রিকার একজন  
প্রতিবেদক হিসেবে 'সুন্দর হাতের লেখা' প্রতিযোগিতা বিষয়ক একটি সংবাদ  
প্রতিবেদন তৈরি করো।

৬। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:

(ক) বাংলাদেশের উৎসব;

(খ) ভাষা আন্দোলন;

(গ) সম্মানবর্তিতা।